



জেলা পরিষদ কার্যালয়
টাঙ্গাইল
www.zp.tangail.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.৪২.৯৩০০.১০১.০১.০০১.১১.০০২.২১.১২৩

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ অধিশাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৩ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৯.১৭-৮৬ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে টাঙ্গাইল জেলা পরিষদে নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনের সাথে নিম্ন বর্ণিত তথ্যাদি উল্লেখ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনক্রম	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	ড্রাইভার	০১ (এক)	৯৩০০-২২৪৯০ (জাতীয় বেতন স্কেল, ২০১৫) ১৬ তম গ্রেড	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণী পাশ। হালকা যান চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।
০২	অফিস সহায়ক	০১ (এক)	৮২৫০-২০০১০ (জাতীয় বেতন স্কেল, ২০১৫) ২০ তম গ্রেড	১৮-৩০ বছর	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী :

- প্রার্থীর বয়স ১৩.০৪.২০২১ তারিখে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ১৮-৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এক্সিডেন্ট গ্রহণযোগ্য হবে না;
- সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে;
- আবেদনপত্রসমূহ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল বরাবর আগামী ১১.০৫.২০২১ তারিখ অফিস চলাকালীন জেলা পরিষদ, টাঙ্গাইল কার্যালয়ে অবশ্যই ডাকযোগে/ সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জেলা পরিষদের ওয়েব সাইট www.zp.tangail.gov.bd হতে ডাউনলোড করা যাবে;
- আবেদনপত্রে ক) প্রার্থীর নাম খ) পিতার নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) জন্মতারিখ ছ) শিক্ষাগত যোগ্যতা জ) জাতীয়তা ঝ) ধর্ম ট) প্রার্থীর ক্যাটাগরি (সাধারণ/ বীর মুক্তিযোদ্ধা/ পোষা/ মহিলা/ এতিমখানার নিবাসী/ প্রতিবন্ধী/ তফশিল সম্প্রদায়ভুক্ত/ আনসার ও ভিডিপি) ঞ) অন্যান্য যোগ্যতা (যদি থাকে) ট) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর ইত্যাদি উল্লেখ সহ নির্ধারিত ফরমে স্পষ্ট অক্ষরে স্ব-হস্তে লিখিত এবং স্বাক্ষর যুক্ত করতে হবে;
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রবিন ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এলাকার জন্য কাউন্সিলর কর্তৃক নাগরিক সনদপত্রের মূলকপি ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি যুক্ত করতে হবে;
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল এর অনুকূলে গাড়ি চালক পদের জন্য ৪০০/- (চারশত) টাকা এবং অফিস সহায়ক পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- দরখাস্তের খামের উপর প্রার্থীর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে;
- আবেদনপত্রের সাথে ৪ ইঞ্চি x ১০ ইঞ্চি সাইজের নিজ ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাক টিকিটসহ ফেরতখাম যুক্ত করতে হবে;
- ক্রমিক নম্বর ১ এর উল্লিখিত পদে আবেদনকারী প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে হালকা যান চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে;
- প্রার্থী মুক্তিযোদ্ধা পোষা হলে সেক্ষেত্রে তাকে তার পিতা/মাতা/দাদার মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র) দাখিল করতে হবে; এছাড়া প্রতিবন্ধী, এতিমখানার নিবাসী, আনসার ও ভিডিপি এবং তফশিলভুক্ত সম্প্রদায়ের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র দাখিল করতে হবে;
- চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;
- অসম্পূর্ণ/ ক্রটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;
- দরখাস্ত বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত হলে প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। আবেদনপত্র গ্রহণ/ বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচনী পরীক্ষার জন্য প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে;
- প্রার্থীদের নির্বাচনী/ মৌখিক পরীক্ষা গ্রহণের সময় মূল সনদপত্র অবশ্যই দেখাতে হবে;
- এ নিয়োগে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে;
- দরখাস্তে বর্ণিত তথ্য যে কোন পর্যায়ে মিথ্যা বা ভুল প্রমাণিত হলে দরখাস্ত/ নিয়োগপত্র বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- এ নিয়োগের ক্ষেত্রে চাকুরির শর্তাবলী বেতন-ভাতা/ সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, "স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী বিধিমালা, ১৯৯০" ও "মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী বা সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে;